6

দৈনিক সংবাদ

তারিখ ... 05 JUL 1998 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ......

# 'গার্মেন্টসের স্কুলের' শিশু শ্রমিকদের ভাতা বাড়াতে হবে ঃ শ্রমিকদের দাবি

( নিজস্ব বার্তা পরিবেশক )

গার্মেন্টস শিল্প থেকে স্কুলে নেয়া শিশু শ্রমিকদের প্রত্যেককে মাসে ৭শ' টাকা ভাতা দেয়ার দাবি জানিয়েছে গার্মেন্টস শ্রমিক ফেডারেশন।

গার্মেন্টস শিল্প হতে শিশুশ্রম অবসানের সমঝোতা চুক্তি (এমওইউ) সইয়ের ৩য় বর্ষপূর্তিতে গতকাল শনিবার প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ আহ্বান জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, '৯৩ সালের শিশুশ্রম নিরোধ বিলের তথ্য অনুসারে গার্মেন্টস শিল্পের প্রায় ৬০ হাজার শিশু শ্রমিককে চাকরিচ্যুত করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের সভাপতি মোঃ খুরশিদ আলম। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এম, এন জামান চৌধুরী, নার্গিস হেনা, সৈয়দা সেলিনা সেলি, মিনু খান, আ, ক মাহমুদ হোসেন প্রমুখ।

উল্লেখ্য, '৯৭ সালের মে মাসে বিজিএমইএ এবং গার্মেন্টস সেক্টরের ট্রেড ইউনিয়নগুলোর মধ্যে দ্বিপীয় বৈঠকে অধ্যয়নরত শিশু শ্রমিকদের দৈনিক ১৪ টাকা খাদ্যভাতা ও দরিদ্র পরিবারগুলোকে ব্যাংক ঋণ দেয়ার উদ্যোগ নেয়া হলেও আজ পর্যন্ত তা বাস্তবায়ন করা হয়নি বলে ফেডারেশনের সভাপতি তার বক্তব্যে উল্লেখ করেন।

তিনি দেশের সকল পেশার শিশুকে শনাক্ত করে এদের পুনর্বাসন করার জন্য সরকার, বিজিএমইএ, আইএলও এবং বিভিন্ন দাতা সংস্থার প্রতি আহ্বান জানান।